## শহিদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে স্থানীয় কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ সাবিহা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

তারিখ ঃ ১৪.০২.২০২১ খ্রি.

সময় ঃ বেলা ১১.০০ টা

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসের অফিস কক্ষ।

উপস্থিত ঃ পরিশিষ্ট "ক" তে দেখানো হলো

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই তিনি মহান ভাষা আন্দোলন তথা মাতৃভাষা আন্দোলনের জন্য যারা আত্নাহুতি দিয়েছেন তাঁদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে রুহের মাগফেরাত কামনা করেন। তিনি আরও বলেন যে, একুশে ফেব্রুয়ারিতে মহান ভাষা সৈনিকদের আত্মবিসর্জনের কারণেই একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে মর্যাদা দেয়া হয়েছে। অতঃপর শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ (সাধারণ শাখা) এর ১০.০২.২০২১ তারিখের ০৫.৪৩.৭০০০.০০৬.১০.০০১.২১.৩২০(২৫০) নম্বর স্মারকে প্রাপ্ত স্থানীয় কর্মসূচি কর্মসূচি পাঠ করে শোনান এবং বিস্তারিত আলোচনান্তে নাচোল উপজেলায় দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | তারিখ | সময় | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনা/অংশগ্রহণে |
|---|---|---|---|---|---|
| ০১. | ২০.০২.২০২১ | সকাল ১০.০০টা | ** চিত্রাংকন প্রতিযোগিতা ঃ<br>ক- গ্রুপ- শিশু-২য় শ্রেণি<br>বিষয়ঃ শহিদ মিনার<br>খ-গ্রুপ- ৩য়-৫ম শ্রেণি<br>বিষয় ঃ ভাষা আন্দোলন | উপজেলা পরিষদ মিলনায়তন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | | | ** রচনা প্রতিযোগিতা ঃ<br>গ-গ্রুপ- ৬ষ্ঠ-৮ম শ্রেণি<br>বিষয় ঃ ভাষা আন্দোলন ও বাংলাদেশ (২০০শব্দের মধ্যে) | নাচোল উপজেলা স্কুল | |
| | | | ** কবিতা আবৃতি ঃ<br>ঘ-গ্রুপ- ৯ম-১০ম শ্রেণি<br>বিষয় ঃ ভাষা আন্দোলনের উপর রচিত যেকোন কবিতা<br>** উপস্থিত বক্তৃতা ঃ<br>ঙ-গ্রুপ- ১১শ-তদুর্দ্ধ<br>বিষয় ঃ উন্মুক্ত | উপজেলা পরিষদ মিলনায়তন | |
| ০২. | ২১.০২.২০২১ | ০০.০১ মিনিট (২১.০২.২০২১) | শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ | নাচোল সরকারি কলেজ প্রাঙ্গণে অবস্থিত শহিদ মিনার | উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনসহ অন্যান্য সরকারি /বেসরকারি অফিসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ/সংস্থা ও শিক্ষা প্রতিষ্ঠানসহ সর্বস্তরের জনগণ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৩. | ২১.০২.২০২১ | সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি আধা-সরকারি স্বায়ত্বশাসিত অফিস/প্রতিষ্ঠান সমূহের ভবন এবং সরকারি বেসরকারি সকল বাসভবন শীর্ষে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | সকল সরকারি/ বেসরকারি অফিস ও বাসভবন | স্ব স্ব কর্তৃপক্ষ/ভবন মালিক |
| ০৫ | ২১.০২.২০২১ | সকাল ১০.০০টা | আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান | উপজেলা পরিষদ কনফারেন্স রুম | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ০৬ | ২১.০২.২০২১ | বাদ যোহর/সুবিধামত সময়ে | ভাষা শহিদদের রুহের মাগফেরাত কামনা করে সকল মসজিদ/উপাসনালয়ে বিশেষ মোনাজাত | সকল মসজিদ/উপাসনালয় | স্ব স্ব মসজিদের ইমাম/পুরোহিত/ফাদার |

উপরোক্ত কর্মসূচী সমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত উপ-কমিটিসমূহ গঠন করা হলো ঃ

৭। (ক) শহিদ মিনার সংশ্লিষ্ট উপ-কমিটি ঃ

(১) অফিসার ইনচার্জ, নাচোল সরকারি কলেজ, নাচোল - আহবায়ক
(২) ইন্সপেক্টর (তদন্ত), নাচোল থানা - সদস্য
(৩) জনাব আল গালিব,উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নাচোল - সদস্য
(৪) জনাব মোঃ সোহেল রানা, এপি, আইসিটি অধিদপ্তর, নাচোল - সদস্য
(৫) জনাব মো: মতিউর রহমান, সাংবাদিক, নাচোল - সদস্য

(খ) জাতীয় পতাকা তদারকি বিষয়ক উপ-কমিটি ঃ

১) অফিসার ইন-চার্জ, নাচোল থানা - আহবায়ক
২) অধ্যক্ষ, নাচোল মহিলা কলেজ - সদস্য
৩) উপজেলা শিক্ষা অফিসার, নাচোল - সদস্য
৪) জনাব মোঃ মতিউর রহমান, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, নাচোল - সদস্য
৫) জনাব এ.কে.এম জিলানী, সাংবাদিক, নাচোল - সদস্য

উক্ত কমিটি জাতীয় পতাকার রং, আকার, উত্তোলন ইত্যাদি বিষয়ে তদারকি করবেন এবং বিধি লংঘনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন ।

(গ) উপস্থিত বক্তৃতা, রচনা প্রতিযোগিতা, কবিতা আবৃতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা সংশ্লিষ্ট উপ-কমিটি ঃ

(ক) সহকারী কমিশনার (ভূমি), নাচোল - আহবায়ক
(খ) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল - সদস্য
(গ) একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, নাচোল - সদস্য
(ঘ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নাচোল - সদস্য
(ঙ) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নাচোল - সদস্য
(চ) সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার,নাচোল - সদস্য
(ছ) ফাহমিদা বেগম, প্রভাষক, বাংলা বিভাগ, নাচোল সরকারি কলেজ - সদস্য
(জ) মোঃ হাসিবুল ইসলাম, প্রভাষক, জীববিজ্ঞান বিভাগ, নাচোল মহিলা ডিগ্রি কলেজ - সদস্য

৮। ২০ ফেব্রুয়ারি ২০২১ দিবাগত রাতে নাচোল সরকারি কলেজস্থ শহিদ মিনার প্রাঙ্গণে শহিদদের উদ্দেশ্যে পুষ্পস্তবক অর্পণের সুবিধার্থে পর্যাপ্ত আলোর ও যথাসময়ে পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, নাচোল সরকারি কলেজকে অনুরোধ করা হলো ।

৫। উপজেলা পর্যায়ে গৃহিত কর্মসূচির আলোকে ইউনিয়ন পর্যায়ে স্থানীয় কর্মসূচি প্রণয়ন পূর্বক অমর একুশে ফেব্রুয়ারি ২০২১ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো ।

৬। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নাচোল পৌরসভার অন্তর্ভুক্ত সকল সরকারি ও বেসরকারি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণকে ছাত্র/ছাত্রী প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

৭। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ যাতে যথাযথভাবে উদযাপিত হয় সে জন্য উপজেলা শিক্ষা/মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৮। গৃহিত কর্মসূচি সমূহকে সুন্দর ও সাফল্যমন্ডিত করার লক্ষ্যে সকল অফিসের কর্মকর্তা ও কর্মচারীসহ সর্বস্তরের জনগণকে প্রতিটি কর্মসূচিতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৯। নাচোল সরকারি কলেজে অবস্থিত শহিদ মিনারের সার্বিক নিরাপত্তা বজায় রাখার জন্য অফিসার ইন-চার্জ, নাচোল থানাকে অনুরোধা করা হলো।

১০। নাচোল সরকারি কলেজে অবস্থিত শহিদ মিনারের পুষ্পস্তবকসমূহ যাতে বিনষ্ট না হয় সেজন্য ২০.০২.২০২১ তারিখ ৪টা থেকে ২১.০২.২০২১ তারিখ ১২টা পর্যন্ত পাহারা প্রদানের নিমিত্ত দুইজন আনসার সদস্য মোতায়েনের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাচোলকে অনুরোধ করা হলো।

১১। ক্ষুদ্র-নৃতাত্তিক জনগোষ্ঠীর জনগণকে নিয়ে প্রতিটি কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য সভাপতি/সম্পাদক, আদিবাসী সমিতি, নাচোলকে অনুরোধ করা হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উক্ত দিবস উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সাবিহা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন: ০৭৮২৪-৫৬০০১
মোবাইল: ০১৩১৮৩২০১৫৩
Email : unonachole@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
nachol.chapainawabganj.gov.bd

**স্মারক নম্বর ঃ ০৫.৪৩.৭০৫৬.০০০.০৯.২১৯.১৬.৩৪৭/১(১৫০)** **তারিখ ঃ ১৪.০২.২০২১ খ্রি.**

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে ঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)**

১। মাননীয় সংসদ সদস্য-৪৪, চাঁপাইনবাবগঞ্জ-২
২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নাচোল
৫। মেয়র, নাচোল পৌরসভা, নাচোল
৬। উপজেলা.........................................................................................অফিসার (সকল), নাচোল
৭। অফিসার ইন চার্জ, নাচোল সরকারি কলেজ/অধ্যক্ষ, নাচোল মহিলা ডিগ্রী কলেজ, নাচোল
৮। অফিসার ইন চার্জ, নাচোল থানা, নাচোল
৮। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক...............................................................মাদ্রাসা/উচ্চ বিদ্যালয়/প্রাথমিক বিদ্যালয়
৯। চেয়ারম্যান(সকল)----------------------- ---- তার ইউনিয়নে অনুরূপ কর্মসূচি গ্রহণের জন্য অনুরোধ করা হলো
১০। জনাব.........................................................................................................নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।